

মাদ্রাসা শিক্ষার্থীদের জরুরী নির্দেশনা

ষষ্ঠ-সপ্তমের বার্ষিক মূল্যায়ন চার দিন পেছল

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১১:৫৭, ৫ নভেম্বর ২০২৩



মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

চার দিন পিছিয়েছে নতুন কারিকুলামে মাদরাসায় ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন।

|

UNIBOTS

৫ নভেম্বরের পরিবর্তে মূল্যায়ন ৯ নভেম্বর থেকে শুরু হবে। ৩০ নভেম্বর পর্যন্ত এ দুই শ্রেণি মূল্যায়ন চলবে।

শনিবার (৪ নভেম্বর) মাদরাসা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক মূল্যায়নের সংশোধিত সূচি মাদরাসাগুলোতে পাঠিয়েছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর। অধিদপ্তরের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে এ সূচি।

অধিদপ্তর বলছে, আগামী ১ ডিসেম্বর থেকে মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চালাবে মাস্টার ট্রেনারদের প্রশিক্ষণ কার্যক্রম চলবে। তাই বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ৫ নভেম্বরে পরিবর্তে ৯ নভেম্বর থেকে শুরু হবে। ষষ্ঠ-সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনা বিস্তারিত নির্দেশনা ২৯ অক্টোবরের পরিবর্তে ৫ নভেম্বর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে পাঠানো হবে সব বিষয়ে বার্ষিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনা করতে হবে ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনায় পরবর্তী শ্রেণিতে উত্তরণের নীতিমালা সংযুক্ত থাকবে। শিক্ষার্থীর পরদর্শিতার রিপোর্ট কার্ডটি দেওয়ার সময় অভিভাবকদের আমন্ত্রণ জানিয়ে শিক্ষার্থীর পরদর্শিতার বিষয়ে জানাতে হবে।

এছাড়া ১ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর শিক্ষকরা প্রশিক্ষণ গ্রহণে ব্যস্ত থাকবেন তাই ৩ নভেম্বরের মধ্যে বার্ষিক সামষ্টিক মূল্যায়নের সব কার্যক্রম সম্পন্ন করতে হবে।